


# ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ

## ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণের নির্দেশিকা (Flat Registration loan guidelines)



**বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন**

**Bangladesh House Building Finance Corporation**

গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক

২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০। ফোন : ০২-৯৫৬১৮২৬

হেল্প লাইনঃ ০২-৯৫৬১৩৮০, ০১৫৫০০৪৩৩০৫-৬

**Website: [www.bhbfc.gov.bd](http://www.bhbfc.gov.bd), E-mail: [info@bhbfc.gov.bd](mailto:info@bhbfc.gov.bd)**

**১.০১ আওতাধীন এলাকাঃ**

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাসহ দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকা (যেখানে ফ্ল্যাট ঋণ চালু রয়েছে)।

**২.০১ অভিষ্ট জনগোষ্ঠী :**

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাসহ দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকায় বায়না চুক্তি ও ফ্ল্যাট ক্রয়ে আবদ্ধ ফ্ল্যাট ক্রেতা এবং ইতোমধ্যে কর্পোরেশন হতে ত্রি-পক্ষীয় চুক্তির মাধ্যমে আংশিক অথবা সম্পূর্ণ টাকা গ্রহণকারী ঋণ গ্রহীতাগণ যারা ফ্ল্যাটটি বন্ধক প্রদানের ব্যবস্থা করবেন।

**৩.০১ ঋণ প্রাপ্তির যোগ্যতা :**

৩.১। যে সকল ফ্ল্যাট ক্রেতা ডেভেলপার এর নিকট থেকে ফ্ল্যাট ক্রয়ের জন্য চুক্তিতে আবদ্ধ হয়ে ফ্ল্যাটের সমুদয় টাকা পরিশোধ করেছেন কিন্তু ফ্ল্যাট নিজ নামে রেজিস্ট্রি করতে পারেন নাই তাদের ক্ষেত্রে এ ঋণ প্রদান যোগ্য হবে।

৩.২। এছাড়াও ইতোমধ্যে অত্র কর্পোরেশন হতে ত্রি-পক্ষীয় চুক্তির মাধ্যমে আংশিক ঋণ গ্রহণকারীগণকে মঞ্জুরীকৃত ঋণের অবিতরণকৃত টাকা বিতরণের পর অথবা মঞ্জুরীকৃত ঋণের অবশিষ্ট টাকা গ্রহণ করবেন না মর্মে অজ্ঞীকার নামা গ্রহণের পর অথবা মঞ্জুরীকৃত ঋণের আংশিক টাকার চেক গ্রহণ করে ইতোমধ্যে কিস্তি রি-ফিল্ডসহ নিয়মিত ঋণ পরিশোধ শুরু করেছেন তাদেরকে ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ বিতরণ করা যাবে।

**৪.০১ ঋণের সর্বোচ্চ সিলিং :**

৪.১। ১৫.০০ (পনের) লক্ষ টাকা। এক্ষেত্রে ফ্ল্যাট ঋণের নীতিমালায় নির্ধারিত ফ্ল্যাট ঋণের স্ব-স্ব এলাকার সর্বোচ্চ সিলিং এর মধ্যে ঋণ সীমাবদ্ধ থাকবে;

৪.২। ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণের খরচের হিসাব সংশ্লিষ্ট অফিসের আইন কর্মকর্তা নির্ধারণ/প্রাক্কলন করবেন।

**৫.০১ ঋণ পরিশোধ মেয়াদ : ০৫ (পাঁচ) বছর।**

**৬.০১ আইডিসিপি : চৎব-উগও চধুসবহঃ পদ্ধতিতে আইডিসিপি পরিশোধ করতে হবে।**

**৭.০১ ঋণের ইকুইটি :**

৭.১। যে সকল ফ্ল্যাট ক্রেতা শুধুমাত্র ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ গ্রহণ করবে তাদের জন্য আলাদা কোন ইকুইটি থাকবে না।

৭.২। কর্পোরেশন হতে ত্রি-পক্ষীয় চুক্তির মাধ্যমে ঋণ গ্রহীতাগণও স্ব-স্ব এলাকার ঋণের নির্ধারিত সর্বোচ্চ সিলিং এর আওতায় ১৫.০০ (পনের) লক্ষ টাকা ঋণ গ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে নির্ধারিত ইকুইটি বহাল থাকবে।

**৮.০১ গৃহীত ঋণের কিস্তি নির্ধারণ :**

৮.১। এমরটাইজড পদ্ধতিতে সকল মাসিক কিস্তির পরিমাণ সমান হবে; প্রতি লক্ষ টাকার (আইডিসিপি বাদে) মাসিক কিস্তির পরিমাণ নিম্নরূপ হবে:

পরিশোধ মেয়াদ	সুদের হার	মাসিক কিস্তির পরিমাণ
৫ বছর	৯.০০%	২০৭৬.০০ টাকা

**৯.০। ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণের আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র :**

- ৯.১। কর্পোরেশন কর্তৃক নির্ধারিত আবেদন ফি এবং পরিদর্শন ফি জমা প্রদানের রশিদ (বর্তমানে আবেদন ফি এবং পরিদর্শন ফি প্রতি হাজারে ৫/- টাকা হারে + সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাটসহ) দাখিল করতে হবে।
  - ৯.২। নির্ধারিত ফরমে আবেদন; ফ্ল্যাট ক্রয়ের বায়না চুক্তি; ফ্ল্যাট ক্রয়ের দলিল, NID কার্ড; ফ্ল্যাট ক্রেতার আয় সংশ্লিষ্ট কাগজপত্র দাখিল করতে হবে।
  - ৯.৩। ফ্ল্যাট রেজিস্ট্রেশনপূর্বক মূল দলিল উত্তোলনের রশিদ এবং দলিলের সার্টিফাইড কপি দাখিল করতে হবে।
  - ৯.৪। এছাড়াও বিগত ০৬.০৬.২০১৭ খ্রি. তারিখে জারীকৃত ফ্ল্যাট ঋণ নীতিমালা-২০১৭ এর সকল শর্ত পরিপালন করা হলে ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ প্রদান করা যাবে।
- ১০.০। ফ্ল্যাট ক্রেতা এবং ডেভেলপার এর প্রত্যয়নপত্র : কর্পোরেশনের ঋণ ব্যতীত ফ্ল্যাট ডেভেলপারের আর কোন পাওনা নাই মর্মে ফ্ল্যাট ক্রেতা এবং ডেভেলপারকে প্রত্যয়নপত্র দিতে হবে।
  - ১১.০। ফ্ল্যাট বন্ধক প্রদান : ফ্ল্যাট রেজিস্ট্রির দিনই বন্ধক প্রদান করতে হবে।
  - ১২.০। ঋণ বিতরণ : ঋণ আবেদনকারী নিজ উৎস হতে ফ্ল্যাটের রেজিস্ট্রেশন খরচ নির্বাহ করলে ফ্ল্যাট রেজিস্ট্রির দিনেই এককালীন ঋণের চেক প্রদান করা হবে। এক্ষেত্রে ঋণ গ্রহীতা সম্মতিপত্র দাখিল করলে ফ্ল্যাট ডেভেলপারকেও চেক প্রদান করা যাবে।
  - ১৩.০। কিস্তি পরিশোধ : অসড়ৎঃরুবফ পদ্ধতিতে মাসিক কিস্তি পরিশোধ করতে হবে।
  - ১৪.০। “ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ” প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রিকৃত দলিলের মেয়াদ সর্বোচ্চ ৬ (ছয়) মাসের মধ্যে থাকলে ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ বিবেচনা করা যাবে।

**বিঃ দ্রঃ** বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ অফিসে যোগাযোগ করুন অথবা বিএইচবিএফসি'র ডবন ঋণঃব (www.nyanabp.mda.nf) -এ সার্চ করুন।